

পূর্ব বর্ধমান জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি
মুখ্য স্বাস্থ্য আধিকারিকের করণ
শ্যামসায়ের পূর্ব, খোসবাগান
বর্ধমান-৭১৩১০১

পত্রাঙ্ক নং :- 1178 DH&FWS/ASHA

তারিখ :- 27/02/2018

বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ সরকারের রাজ্য মিশন ডাইরেক্টর, এন আর এইচ এম এর 27/06/2012 তারিখের HFW/NRHM-20/2006/(Part II)/1631 পথনির্দেশিকা, 11/08/2017 তারিখের HFW/NRHM/20/06/Part IV/1581 এবং 28/11/2017 তারিখের HFW/NRHM/20/06/Pt IV/2777 পত্রাঙ্ক অনুসারে কাটোয়া, কালনা, বর্ধমান সদর উত্তর এবং বর্ধমান সদর দক্ষিণ মহকুমা এলাকার সংযুক্ত তফসিলে বর্ণিত বিভিন্ন উপস্বাস্থ্য কেন্দ্রে শূন্যপদের সংখ্যা অনুযায়ী চুক্তি ভিত্তিক ASHA (Accredited Social Health Activists) কর্মী নিয়োগের জন্য এতদ্বারা বিজ্ঞপ্তি জারি করা হল এবং দরখাস্ত আহবান করা হল। শূন্যপদের বিস্তারিত তথ্য এবং আবেদন পত্র 28/02/2018 তারিখ থেকে সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ (BDO Office) থেকে পাওয়া যাবে। বিস্তারিত বিবরণ নিম্নলিখিত ওয়েবসাইটেও পাওয়া যাবে : www.wbhealth.gov.in অথবা www.bardhaman.nic.in

-ঃ নিয়মাবলী :-

- ১। প্রার্থীদের বয়স 27/02/2018 তারিখে অবশ্যই ৩০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তপশীলি জাতি ও তপশীলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা 27/02/2018 তারিখে অবশ্যই ২২ থেকে ৪০ বছর।
- ২। কেবলমাত্র বিবাহিতা, বিধবা অথবা আইনত ভাবে বিবাহ বিচ্ছিন্না মহিলারাই আবেদন করতে পারবেন।
- ৩। প্রার্থীকে অবশ্যই ভারতের নাগরিক হতে হবে।
- ৪। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রামের বাসিন্দা হতে হবে।
- ৫। প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক বা তার সমতুল পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। মাধ্যমিক বা তার সমতুল বা উচ্চতর পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী আবেদন করতে পারবেন। তবে সেক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় প্রাপ্ত নম্বরই বিবেচিত হবে।
- ৬। তপশীলি জাতি এবং তপশীলি উপজাতি ভুক্ত প্রার্থীদের উপযুক্ত (Competent Authority) তপশীলি জাতি এবং তপশীলি উপজাতির শংসাপত্রের অনুলিপি দাখিল করতে হবে।
- ৭। গ্রোড ওয়ান ও গ্রোড টু উত্তীর্ণ স্বয়ম্ভর গোষ্ঠীর সদস্য, প্রশিক্ষণপ্রাপ্ত দাই এবং লিংক ওয়ার্কাররা অগ্রাধিকার পাবেন। সেক্ষেত্রে শংসাপত্রের অনুলিপি দাখিল করতে হবে।
- ৮। সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণে (BDO Office) শনিবার, রবিবার ও ছুটির দিন বাদে যে কোন কাজের দিন সকাল ১১টা থেকে বিকাল ৩টা পর্যন্ত দরখাস্ত জমা দেওয়া যাবে। দরখাস্ত জমা নেওয়ার শেষ তারিখ ২৩/০৩/২০১৮ বিকাল ৩টা পর্যন্ত।

৯। যে সমস্ত নথিপত্র দরখাস্তের সাথে দাখিল করতে হবে :-

- ক) নিজের ভোটার কার্ড/রেশন কার্ডের স্ব-প্রত্যয়িত অনুলিপি।
- খ) মাধ্যমিক বা তার সমতুল পরীক্ষার মার্কশীটের স্ব-প্রত্যয়িত অনুলিপি।
- গ) মাধ্যমিক বা সমতুল পরীক্ষার অ্যাডমিট কার্ডের স্ব-প্রত্যয়িত অনুলিপি।
- ঘ) তপশীলি জাতি এবং তপশীলি উপজাতির উপযুক্ত শংসাপত্রের স্ব-প্রত্যয়িত অনুলিপি (যথাস্থানে প্রযোজ্য)।
- ঙ) নিজের দুইটি পাসপোর্ট ফটোগ্রাফ।
- চ) ৫ টাকা ডাক টিকিট সহ নিজ ঠিকানা লেখা খাম।
- ছ) আইনত ভাবে বিবাহের /বিধবা/আইনত ভাবে বিবাহ বিচ্ছিন্নার ক্ষেত্রে স্ব-প্রত্যয়িত নথিপত্র।
- জ) উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া গ্রোড ১ ও গ্রোড ২ স্বনির্ভর গোষ্ঠীভুক্ত সদস্য/ প্রশিক্ষণ প্রাপ্ত দাই এবং লিংক ওয়ার্কার প্রমানপত্র (যথাস্থানে প্রযোজ্য)।
- ঝ) অন্যান্য নথি (যথাস্থানে প্রযোজ্য)

উল্লেখিত নথিগুলির যে কোন একটি দরখাস্তের সাথে সংযুক্ত না থাকলে দরখাস্ত বাতিল করা হবে। নিয়োগের পূর্বে প্রার্থীগণকে উল্লেখিত নথিগুলির আসল দেখাতে হবে। আবেদন পত্রের একটি নমুনা এবং ASHA-দের শূন্যপদের তালিকা সংযোজনী বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত করা হল। আবেদনপত্র যথাযত পূর্ণ করা না থাকলে আবেদনপত্র বাতিল বলে বিবেচিত হবে। নমুনার হস্তলিখিত অনুলিপি বা ফটোকপি দাখিল করা যাবে।

27/02/18

সম্পাদক, জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি,
ও মুখ্য স্বাস্থ্য আধিকারিক, পূর্ব বর্ধমান

Chief Medical Officer of Health
Purba Bardhaman

অবগতির জন্য নিম্নলিখিত করণে প্রেরিত হল:-

- ১) মাননীয় শ্রী স্বপন দেবনাথ ,চেয়ারম্যান , ASHA রিক্রুটমেন্ট কমিটি, পূর্ব বর্ধমান।
- ২) মাননীয় সভাপতি, পূর্ব বর্ধমান। জেলা পরিষদ, পূর্ব বর্ধমান।
- ৩) জেলা শাসক, পূর্ব বর্ধমান।
- ৪) অতিরিক্ত জেলা শাসক (স্বাস্থ্য), পূর্ব বর্ধমান।
- ৫-৮) মহকুমা শাসক, কাটোয়া, কালনা, বর্ধমান সদর উত্তর , বর্ধমান সদর দক্ষিণ, পূর্ব বর্ধমান।
- ৯) ডি. আই .ও, এন.আই.সি, পূর্ব বর্ধমান, আফিসিয়াল ওয়েব সাইট এ আপলোড করার জন্য প্রেরণ করা হল।
- ১০) ডি. পি. ও. (আই সি ডি এস), পূর্ব বর্ধমান।
- ১১) ডি. পি. এইচ. এন. ও, পূর্ব বর্ধমান।
- ১২-৩৪) সমষ্টি উন্নয়ন আধিকারিক, পূর্ব বর্ধমান।
- ৩৫-৫৫) ব্লক স্বাস্থ্য আধিকারিক, পূর্ব বর্ধমান।
- ৫৬) শ্রী সৌরভ ঘোষ, আই টি- কো-অডিনেটর, স্বাস্থ্যভবন, সল্টলেক, কোলকাতা-৭০০০৯১ আফিসিয়াল ওয়েবসাইট এ আপলোড করার জন্য প্রেরণ করা হল।

৯

সম্পাদক, জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি,
ও মুখ্য স্বাস্থ্য আধিকারিক, পূর্ব বর্ধমান

27/02/18
Chief Medical Officer of Health
Purba Bardhaman

